গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) এর কার্যালয়
সংকেত ও টেলিকম শাখা
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের ২০২২-২০২৩ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | মোঃ শহীদুল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) ও চীফ ইনোভেশন অফিসার<br>বাংলাদেশ রেলওয়ে। |
| তারিখঃ | ০১ ফেব্রুয়ারী,২০২৩। |
| সময়ঃ | বেলা ০৩.০০ ঘটিকায়। |
| স্থানঃ | রেলভবনস্থ ৪র্থ তলার সভাকক্ষ (কক্ষ নং ৪১১) |
| উপস্থিতিঃ | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সভাপতি সিএসটিই/টেলিকম কে বাংলাদেশ রেলওয়ের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা আরম্ভ করতে বলেন।

০২। সভাপতির নির্দেশক্রমে ইনোভেশন টিমের সদস্য জনাব বেনু রঞ্জন সরকার, সিএসটিই/টেলিকম উক্ত কর্মপরিকল্পনা সকলের সামনে পেশ করেন। উক্ত কর্মপরিকল্পনার আলোকে সকলকে উদ্ভাবনী ধারণা উপস্থাপনের জন্য অনুরোধ করেন। কর্মপরিকল্পনার সূচক ১.৪ অনুসারে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রনয়ণ এবং বিষয়ভিত্তিক কর্মশালার আয়োজন করার কথা উল্লেখ করেন। এছাড়াও ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় উল্লেখযোগ্য কার্য সম্পাদন এর লক্ষ্যে একটি কমিটি গঠন এর প্রয়োজনীয়তা উল্লেখ করেন।

০৩। অতঃপর সভায় উপস্থাপিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | দুই অঞ্চলের জিএম কে উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | সিএসটিই/টেলিকম |
| ০২ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রনয়ণের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হলোঃ<br><br>ক) সিএসটিই/টেলিকম, আহবায়ক, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ বাস্তবায়ন টিম<br>খ) জেডিজি(অপারেশন),সদস্য<br>গ) জেডিজি(মেক),জনাব ফকির মহিউদ্দিন, সদস্য<br>ঘ) জেডিজি(ইঞ্জিনিয়ারিং),সদস্য | ইনোভেশন টিম |

| | | |
|---|---|---|
| | ঙ)অতিঃ সিএসটিই/টেলিকম,সদস্য<br><br>উপরোক্ত কমিটি ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রনয়ণ করবেন এবং তা বাস্তবায়ন করবেন। | |
| ০৩ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালার আয়োজন করতে হবে। | সিএসটিই/টেলিকম |
| ০৪ | ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন এবং কর্মশালা আয়োজনের লক্ষ্যে পর্যাপ্ত বাজেট প্রয়োজন। এ ব্যাপারে অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) কে পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো)
ও চীফ ইনোভেশন অফিসার
বাংলাদেশ রেলওয়ে,
রেলভবন,ঢাকা।

স্মারক নং: ৫৪.০১.০০০০.৫০২.৩২.০০১.২৩ তারিখ: ০৮.০২.২০২৩ খ্রি:

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১।সিএসটিই(টেলিকম), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
২। জেডিজি(অপারেশন),বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৩। জেডিজি(মেক),জনাব ফকির মহিউদ্দিন, বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৪। জেডিজি(ইঞ্জিনিয়ারিং),বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৫। পরিচালক(ট্রাফিক-পরিবহন), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৬। উপপরিচালক(টেলিকম), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৭। সিনিয়র পরিকল্পনা কর্মকর্তা-১, বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। মহাপরিচালক এর একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।

(বেনু রঞ্জন সরকার)
সিএসটিই (টেলিকম)
বাংলাদেশ রেলওয়ে,
রেলভবন,ঢাকা।